# বুলুগুল মারাম

## হাদিস নাম্বারঃ ১১৬৪

পর্ব - ৯ঃ অপরাধ প্রসঙ্গ (كتاب الجنايات)

পরিচ্ছেদঃ কাফিরের হত্যার বদলে মুসলিম হত্যা করা প্রসঙ্গ এবং সকল মুমিনের রক্ত সমমর্যাদা সম্পন্ন

আরবী

وَأَخْرَجَهُ أَحْمَدُ, وَأَبُو دَاوُدَ, وَالنَّسَائِيُّ: مِنْ وَجْهٍ آخَرَ عَنْ عَلِيٍّ وَقَالَ فِيهِ: «الْمُؤْمِنُونَ تَتَكَافَأُ دِمَاؤُهُمْ, وَيَسْعَى بِذِمَّتِهِمْ أَدْنَاهُمْ, وَهُمْ يَدٌ عَلَى مَنْ سِوَاهُمْ, وَلَا يُقْتَلُ مُؤْمِنٌ بِكَافِرٍ, وَلَا ذُو عَهْدٍ فِي عَهْدِهِ». وَصَحَّحَهُ الْحَاكِمُ

صحيح. رواه أحمد (122)، وأبو داود (4530)، والنسائي (89 ـ 20) وزادوا جميعا: ومن أحدث حدثا أو آوى محدثا، فعليه لعنة الله والملائكة والناس أجمعين

বাংলা

১১৬৪। অন্য সূত্রে (সানাদে) আলী (রাঃ) হতে বর্ণিত; তিনি বলেন, মু’মিন মুসলিমগণ তাদের রক্তের বদলার ব্যাপারে সমান। একজন অতি সাধারণ মুসলিমের (কোন কাফির শত্রুকে) আশ্রয় দান সকল মুসলিমের নিকটে সমান গুরুত্বপূর্ণ। মুসলিমের হাত অন্য সকল মুসলিমেরও হাত; (অর্থাৎ তারা একটি সংঘবদ্ধ শক্তি) কোন মু’মিনকে কাফির হত্যার বদলে হত্যা করা যাবে না, আর কোন চুক্তিবদ্ধ (অমুসলিমকেও) চুক্তি বহাল থাকা পর্যন্ত হত্যা করা যাবে না।[1]

## English

The previous tradition was also transmitted by Ahmad, An-Nasa’i and Abu Dawud on the authority of 'Ali with a different chain of narrators where he said, ‘The blood of one Muslim (his life) is equivalent to the blood of another Muslim (i.e. equal in Qisas and blood money), the protection of Allah is one (and is equally) extended to the most humble of the believers (i.e. if a Muslim gives protection to a man or to a group of men, they should all help

him even is he was the most humble of them). Believers are all like one hand against their enemies. No believer is to be killed for a disbeliever (i.e. in Qisas), nor should one who has a covenant with the Muslims be killed while his covenant holds.’ Al-Hakim graded it as Sahih.

## ফুটনোট

[1] বুখারী ১১১, ১৮৭০, ৩০৪৭, ৩১৭২, ৩১৮০, ৬৭৫৫, মুসলিম ১৩৭০, তিরমিযী ১৪১২, ২১২৭, নাসায়ী ৪৭৩৪, ৪৭৩৫, ৪৭৫৫, আর দাউদ ২০৩৪, ৪৫৩০, ইবনু মাজাহ ২৬৫৮, আহমাদ ৬০০, ৬১৬, ৭৮৪, ৮০০, দারেমী ২৩৫৬। নাসায়ীর বর্ণনায় আরো রয়েছে, ومن أحدث حدثا أو آوى محدثا، فعليه لعنة الله والملائكة والناس أجمعين যে ব্যক্তি কোন বিদ’আত বা দীনের মধ্যে নতুন বিষয় আবিষ্কার করবে বা কোন বিদ’আতীকে আশ্রয় দিবে তার উপর আল্লাহ, ফেরেশতাকুল ও সকল মানুষের লা’নত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70975

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন